TDP (General) 2nd Semester Exam., 2019

# BENGALI

(General)

[DSC/GE]

SECOND PAPER

Full Marks : 80 Time : 3 Hours

*The figures in the margin indicate full marks.*
*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

## বিভাগ - ক

১। নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের সঠিক উত্তরটি দাও : ১×২০=২০

(ক) 'বিষবৃক্ষ' উপন্যাসটি প্রথম ধারাবাহিকভাবে প্রকাশিত হয় —

(A) ভারতী পত্রিকায়

(B) হিতবাদী পত্রিকায়

(C) বঙ্গদর্শন পত্রিকায়

(D) কল্লোল পত্রিকায়

(খ) নগেন্দ্রনাথের বাসস্থানের নাম হলো —

(A) গোবিন্দপুর

(B) জয়পুর

(C) শ্রীপুর

(D) কালিকাপুর

(গ) "আমার নাম হীরা মালিনী।
আমি থাকি রাধার কুঞ্জে, কুব্জা আমার ননদিনী।"
— গানটি গেয়েছিল

(A) তারাচরণ

(B) দেবেন্দ্র

(C) নগেন্দ্র

(D) হীরা মালিনী

(ঘ) "আমি মরিব বলিয়াই ঠিক করিয়াছিলাম।" — এখানে 'আমি' হলো—

(A) শ্রীশচন্দ্র

(B) দেবেন্দ্র

(C) হীরা মালিনী

(D) কুন্দনন্দিনী



(ঙ) "এখন তুমি ইহাকে না রাখিলে আর রাখিবার স্থান নাই।" — কার প্রতি এই উক্তি ?

(A) সূর্যমুখী

(B) কুন্দনন্দিনী

(C) কমলমণি

(D) হীরা

(চ) 'ছিনাথ বহুরূপী'র বাড়ি কোথায় ?

(A) বারাসাত

(B) বেহালা

(C) বালিগঞ্জ

(D) বাঘাযতীন

(ছ) রাজলক্ষ্মীর সতীনের ছেলের নাম কি ?

(A) শঙ্কু

(B) রতন

(C) ছট্টুলাল

(D) বঙ্কু

(জ) গৌরী তেওয়ারীর কিশোরী কন্যার শ্বশুরবাড়ি ছিল –

(A) ছোটবাঘিয়া গ্রামে

(B) বিঠৌরা গ্রামে

(C) রাজপুর গ্রামে

(D) দেবানন্দপুর গ্রামে

(ঝ) "খোট্টা শালার ব্যাটারা আমাকে যেন কিলায়কে কাঁঠাল পাকায় দিয়া।" — বক্তা কে ?

(A) পিসেমশাই

(B) মেজদা

(C) কিশোরী সিং

(D) ভট্চায্যি মশায়

(ঞ) "মড়ার আবার জাত কি?" — কথাটি বলেছে—

(A) শ্রীকান্ত

(B) অন্নদাদিদি

(C) ইন্দ্রনাথ

(D) নতুনদা



(ট) জমিদার মতিলালবাবুর কন্যাটির নাম —

(A) চারুশশী

(B) চারুকলা

(C) চারুবালা

(D) চারুলতা

(ঠ) 'সুভা' গল্পের সুভা ছিল —

(A) কালা

(B) খোঁড়া

(C) বোবা

(D) অন্ধ

(ড) বংশলোচনবাবুর স্ত্রীর নাম—

(A) সুভাষিণী

(B) মানিনী দেবী

(C) সরলা দেবী

(D) সুনীতি দেবী

*[ Turn Over ]*

(ঢ) ময়নার স্বামী কে ?

(A) জগমোহন

(B) মন্মথ

(C) শ্রীপতি

(D) ভুবন মণ্ডল

(ণ) "একা যাস্‌নে, রাধীকে নিয়ে যা।" কার উক্তি ?

(A) পুঁটি

(B) অন্নপূর্ণা

(C) সহায়হরি

(D) ক্ষেন্তি

(ত) "নারিকেলের জলের সঙ্গে স্ত্রীলোকের ________ আমি সাদৃশ্য দেখি।" — শূন্যস্থানের সঠিক শব্দটি

(A) বুদ্ধির

(B) বিদ্যার

(C) স্নেহের

(D) প্রেমের



(থ) কমলাকান্ত আমাদের দেশের লেখকদের তুলনা করেছেন —

(A) আমের সঙ্গে

(B) কাঁঠালের সঙ্গে

(C) তরমুজের সঙ্গে

(D) তেঁতুলের সঙ্গে

(দ) "পরের জন্য আত্মবিসর্জন ভিন্ন পৃথিবীতে স্থায়ী সুখের অন্য কোন মূল নাই।" — উদ্ধৃতিটি কোন্ প্রবন্ধের অন্তর্গত?

(A) পতঙ্গ

(B) বিড়াল

(C) মনুষ্যফল

(D) বসন্তের কোকিল

(ধ) 'বসন্তের কোকিল' প্রবন্ধে বর্ণিত জমিদারটির নাম —

(A) হরকুমার বাবু

(B) নসীরামবাবু

(C) বলরামবাবু

(D) শিবশঙ্করবাবু

[ Turn Over ]

(ন) "খাইতে পাইলে কে চোর হয়?" — উক্তিটি করেছে

(A) কমলাকান্ত

(B) প্রসন্ন গোয়ালিনী

(C) নসীরামবাবু

(D) বিড়াল

## বিভাগ - খ

(২নং প্রশ্ন থেকে ৫নং প্রশ্ন পর্যন্ত চারটি প্রশ্ন আছে। প্রতিটি প্রশ্নের 'ক' অথবা 'খ' প্রশ্নের উত্তর দিতে হবে।)

**নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :** ৩×৪=১২

২। (ক) হরিদাসী বৈষ্ণবীর প্রকৃত পরিচয় দাও। সে কেন ছদ্মবেশ নিয়েছিল? ১+২=৩

অথবা

(খ) তারাচরণ চরিত্রটির তিনটি বৈশিষ্ট্য উল্লেখ করো। ৩

৩। (ক) 'শ্রীকান্ত' (১ম পর্ব) উপন্যাসে বালকদের পড়ালেখার বিষয়ে মেজদার সুশৃঙ্খল তত্ত্বাবধানের পরিচয় দাও। ৩

অথবা

(খ) দত্তদের বাড়িতে কালীপূজা উপলক্ষে কোন্ থিয়েটার হয়েছিল? তাতে কীরূপ বীরত্ব প্রকাশিত হয়েছিল? ৩



৪। (ক) 'সুভা' গল্পের সুভার সঙ্গীসাথীদের পরিচয় দাও। ৩

অথবা

(খ) "মা, নারকেল কোরা একটু নেবো?"— বক্তা কে? কোন্ প্রসঙ্গে এই উক্তি? ১+২=৩

৫। (ক) "তখন মানুষ-কোকিলে তাঁহার গৃহকুঞ্জ পূরিয়া যায়।"— উদ্ধৃতিটি কোন্ প্রবন্ধের? তাৎপর্য লেখো। ১+২=৩

অথবা

(খ) "কাম্য বস্তুর স্বরূপ জানিলে কাহার সুখ থাকে?" — কথাটির অর্থ পরিস্ফুট করো। ৩

## বিভাগ - গ

(৬নং প্রশ্ন থেকে ৯নং প্রশ্ন পর্যন্ত চারটি প্রশ্ন আছে। প্রতিটি প্রশ্নের 'ক' অথবা 'খ' প্রশ্নের উত্তর দিতে হবে।)

**নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :** ১২×৪=৪৮

৬। (ক) 'বিষবৃক্ষ' উপন্যাসে বর্ণিত শ্রীশচন্দ্র-কমলমণি উপকাহিনীটি নিজের ভাষায় লেখো। ১২

অথবা

(খ) নগেন্দ্রনাথ চরিত্রটি বিশ্লেষণ করো। ১২

৭। (ক) 'শ্রীকান্ত' (১ম পর্ব) উপন্যাসে রাজলক্ষ্মী কীভাবে পিয়ারী বাইজীতে পরিণত হয়েছে তা বর্ণনা করো। ১২

*[ Turn Over ]*

অথবা

(খ) ইন্দ্রনাথ চরিত্রটি বিশ্লেষণ করো এবং শ্রীকান্তের জীবনে তার প্রভাব দেখাও। ৮+৪=১২

৮। (ক) 'অতিথি' গল্পের তারাপদ চরিত্রের প্রকৃতি বিশ্লেষণ করো এবং এই গল্পের নামকরণ কতটুকু সার্থক বলে তুমি মনে করো? ৮+৪=১২

অথবা

(খ) জীবনীশক্তিতে ভরপুর এক তরুণীর জীবনে কীভাবে এক মর্মান্তিক করুণ পরিণতি নেমে এসেছিল, তা 'পুঁইমাচা' গল্পের ক্ষেন্তি চরিত্রটি অবলম্বনে আলোচনা করো। ১২

৯। (ক) 'কমলাকান্তের দপ্তর'-এর "পতঙ্গ" প্রবন্ধটির মূল বক্তব্য নিজের ভাষায় লেখো। প্রসঙ্গত বঙ্কিমচন্দ্রের রচনারীতির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৮+৪=১২

অথবা

(খ) 'বসন্তের কোকিল' বলতে প্রাবন্ধিক কাদের বুঝিয়েছেন? 'বসন্তের কোকিল' প্রবন্ধ অবলম্বনে তাদের স্বরূপ বিশ্লেষণ করো। ২+১০=১২

---